দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 JUN 1997 ...
পৃষ্ঠা ১১ কলাম ১ ......

24

# শিক্ষানীতি চূড়ান্ত করার আগে রাজনৈতিক নেতাদের সাথে আলোচনার আহ্বান

**স্টাফ রিপোর্টার॥** দেশের বিভিন্ন জাতীয় দৈনিকের সম্পাদকবৃন্দ জাতীয় শিক্ষানীতি চূড়ান্ত করার আগে রাজনৈতিক দলগুলোর সাথে আলাপ আলোচনার জন্য সরকার ও জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির প্রতি আহ্বান জানিয়েছেন। তাঁরা বলেন, শিক্ষানীতি যতবেশি সর্বজনগ্রাহ্য করা যায় ততই তা দেশের জন্য মঙ্গলজনক হবে।

জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সাথে সম্পাদকদের মতবিনিময় অনুষ্ঠানে মঙ্গলবার তাঁরা একথা বলেন। শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক, কমিটির চেয়ারম্যান অধ্যাপক শামসুল হক প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন। সম্পাদকদের তাঁরা জানান, আগামী ৩১ জুলাই খসড়া শিক্ষানীতি প্রণয়নের পর তা জাতীয় সংসদে উপস্থাপন করা হবে। সম্ভব হলে বিভিন্ন রাজনৈতিক দলের কাছে এ খসড়া শিক্ষানীতি চূড়ান্ত করার আগে পাঠানো হবে।

শিক্ষামন্ত্রী এক প্রশ্নের জবাবে জানান, সরকার দশম শ্রেণী পর্যন্ত নোট বই প্রণয়ন নিষিদ্ধ করার চিন্তাভাবনা করছে। তিনি আরও বলেন, বাংলাদেশ বেতার বা টেলিভিশনে নোট বইয়ের বিজ্ঞাপন বন্ধ করার জন্য প্রয়োজনে আইন প্রণয়ন করা যেতে পারে।

সম্পাদকবৃন্দ তাঁদের আলোচনায় একটি সেক্যুলার, যুগোপযোগী ও বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতি প্রণয়নের ওপর গুরুত্ব আরোপ করেন। তাঁরা বলেন, বর্তমান কমিটি ডঃ কুদরত-ই খোদা শিক্ষা কমিশনের রিপোর্ট সংশোধন ও সংযোজন করতে যেন দ্বিধা না করে। কেননা ডঃ খুদা যখন শিক্ষানীতি প্রণয়ন করেন তখন তা ঠিক ছিল। এখন তা যুগোপযোগী করতে হবে।